NIMC

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
## জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, ঢাকা-১২১৬

www.nimc.gov.bd

নম্বর : ১৫.৫৫.০০০০.৩০১.১২.০৬৫.২২.১৫৪৭

০৫ আশ্বিন ১৪২৯
২০ সেপ্টেম্বর ২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়াধীন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের রাজস্ব খাতের নিম্নবর্ণিত ১০(দশ)টি শূন্যপদ পূরণ করার লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে ঃ

| ক্রম | পদের নাম | গ্রেড ও বেতনস্কেল (জা:বে: ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর | (গ্রেড-১৩) ৳ ১১০০০-২৬৫৯০/- | ১(এক) টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) বাংলা ও ইংরেজি সাঁটলিপি প্রতি মিনিটে গতি যথাক্রমে ৫০ ও ৮০ শব্দ। বাংলা ও ইংরেজি কম্পোজের গতি প্রতি মিনিটে যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ থাকিতে হইবে। | ১-৪ নং ক্রমিকের পদে ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, শরীয়তপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, নেত্রকোণা, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, খাগড়াছড়ি, ফেনী, লক্ষীপুর, রাঙ্গামাটি, রাজশাহী, জয়পুরহাট, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, গাইবান্ধা, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, ঠাকুরগাঁও, বাগেরহাট, সাতক্ষীরা, ভোলা, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br><br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | (গ্রেড-১৬) ৳ ৯৩০০-২২৪৯০/- | ২(দুই) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) বাংলা ও ইংরেজি কম্পোজের গতি প্রতি মিনিটে যথাক্রমে ২০ ও ২০ শব্দ থাকিতে হইবে। | |
| ৩। | ক্যাশিয়ার | (গ্রেড-১৬) ৳ ৯৩০০-২২৪৯০/- | ১(এক) টি | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সরকার কর্তৃক নির্ধারিত জামানত দিতে হইবে। | |
| ৪। | গাড়িচালক | (গ্রেড-১৬) ৳ ৯৩০০-২২৪৯০/- | ২(দুই) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) হালকা গাড়ি চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স;<br>(গ) লিখিত ও ড্রাইভিং এর ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(ঘ) অভিজ্ঞতাসম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাইবেন। | |
| ৫। | অফিস সহায়ক | গ্রেড-২০ (৳ ৮২৫০-২০০১০/-) | ৩(তিন) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ। | ৫-৬ নং ক্রমিকের পদে ঢাকা, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, ফরিদপুর, গোপালগঞ্জ, শরীয়তপুর, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোণা, শেরপুর, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, খাগড়াছড়ি, ফেনী, লক্ষীপুর, রাঙ্গামাটি, রাজশাহী, জয়পুরহাট, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, ঠাকুরগাঁও, খুলনা, যশোর, মাগুরা, নড়াইল, বাগেরহাট, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, মেহেরপুর, ভোলা, ঝালকাঠী, পিরোজপুর, বরগুনা, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৬। | নিরাপত্তা প্রহরী | গ্রেড-২০ (৳ ৮২৫০-২০০১০/-) | ১(এক) টি | জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ অথবা অষ্টম শ্রেণি পাসসহ সুস্বাস্থ্যের অধিকারী। আনসার বা ভিডিপি ট্রেনিংপ্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। | |

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই পালন করতে হবে ঃ

১। ০১ সেপ্টেম্বর ২০২২ খ্রি: তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে ১ ও ২ নম্বর ক্রমিকের বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০(চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য ("বিভাগীয় প্রার্থী" অর্থ এরূপ কর্মচারী যিনি সংশ্লিষ্ট অধিদপ্তর বা পরিদপ্তর বা দপ্তর এর রাজস্ব খাতে সৃষ্ট পদে অন্যূন ২(দুই) বৎসর স্থায়ী বা অস্থায়ীভাবে চাকুরিরত)। এছাড়া ১-৬ ক্রমিকের ক্ষেত্রে প্রতিবন্ধী ও মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

২। সরকারি/আধাসরকারি সংস্থায় চাকরিতে নিয়োজিত প্রার্থীগণ নিয়োগকারী কর্তৃপক্ষকে অবহিত করে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করতে হবে।

৩। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধিবিধান ও কোটা এবং পরিবর্তিত (প্রযোজ্য ক্ষেত্রে) বিধিবিধান ও কোটা অনুসরণ করা হবে।

৪। মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয়পত্রের মূলকপিসহ সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও প্রশিক্ষণ সনদপত্রের (প্রযোজ্য ক্ষেত্রে) মূলকপি প্রদর্শন করতে হবে। এছাড়া মৌখিক পরীক্ষার সময় জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।

৫। মৌখিক পরীক্ষার সময় অনলাইনে পূরণকৃত Application Form সহ জাতীয় পরিচয়পত্র, সকল শিক্ষাগত যোগ্যতা, বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও প্রশিক্ষণ সনদপত্রের ০১(এক) সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের ০১(এক) সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৬। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি, বাতিল বা প্রত্যাহার করার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৭। প্রযোজ্য ক্ষেত্রে প্রার্থীদের লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষার স্থান ও সময়সূচি পরবর্তীতে জানানো হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

৮। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

৯। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১০। অনলাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://nimc.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন।
আবেদনের সময়সীমা নিম্নরূপ:
i. Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৫/০৯/২০২২ খ্রি: তারিখ, সকাল ১০:০০ টা।
ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৬/১০/২০২২ খ্রি: তারিখ, বিকাল ০৩:০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন ।

খ. Online-এ আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর ৬০ KB এর মধ্যে (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) ও সদ্য তোলা স্পষ্ট রঙিন ছবি ১০০ KB এর মধ্যে (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে ব্যবহারের নিমিত্ত সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক ১-৪ এ উল্লিখিত পদে আবেদনের ক্ষেত্রে ১১২/- (একশত বারো) টাকা এবং ক্রমিক ৫-৬ এ উল্লিখিত পদে আবেদনের ক্ষেত্রে ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে,"Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।"
প্রথম SMS: NIMC<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: NIMC ABCDEF
Reply: Applicant's Name, Tk 112 / Tk 56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type NIMC<space>Yes<space>PIN and Send to 16222.
দ্বিতীয় SMS: NIMC<space>Yes<space>PIN লিখে করতে হবে 16222 নম্বরে।
Example: NIMC YES 12345678
Reply: Congratulation Applicant's Name, payment completed successfully for NIMC Application for post XXXXXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXXX).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://nimc.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রদত্ত প্রার্থীর মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের / কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নেবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।
i. User ID জানা থাকলে, NIMC<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: NIMC Help User ABCDEF & send to 16222.
ii. PIN Number জানা থাকলে, NIMC<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: NIMC Help PIN 12345678 & send to 16222.

২০/৯/২২

উপপরিচালক (প্রশাসন)
ও সদস্যসচিব, বিভাগীয় নির্বাচন কমিটি

GD-1783